স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

অষ্টম পত্র (8th Paper : **Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed, Protibedan**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। অনধিক ৪০০ শব্দে যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ

২০ × ২ = ৪০

(ক) দৈনিক সংবাদপত্র সাপ্তাহিক, সাময়িক পত্রিকা, এমনকি গ্রন্থ সম্পাদনাতেও সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য থাকে। — এ বিষয়ে বিশদ আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) গণমাধ্যমের জন্য প্রতিবেদন রচনায় প্রতিবেদককে কী কী বিষয়ে সতর্ক থাকতে হয় ? প্রতিবেদন রচনায় কোনো সরকারী বিধি ভঙ্গ হলে তার সম্ভাব্য পরিণতি কী ?

(গ) বাংলা বানান-সংস্কার সম্পর্কে বিদ্যাসাগর ও বঙ্কিমচন্দ্রের ভূমিকা আলোচনা করুন।

(ঘ) একজন শিশু-পত্রিকা সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) সংবাদপত্রে প্রতিবেদন রচনায় ভাষাগত বৈশিষ্ট্য অনুসরণ করে একটি প্রতিবেদন রচনা করুন।

(খ) কলকাতা বিশ্ববিদ্যালয় নিযুক্ত কমিটি যে বাইশ দফা বানানের নিয়ম তৈরি করেছিলেন — প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করুন।

(গ) বাংলা চলিত গদ্য প্রয়োগে প্যারীচাঁদ মিত্রের ‘আলালের ঘরের দুলাল’ আর কালীপ্রসন্ন সিংহের ‘হুতোম প্যাঁচার নক্‌শা’র বানান রীতির বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঘ) অ-তৎসম শব্দের বানান সরলীকরণের সূত্রগুলির উল্লেখসহ উদাহরণ দিন।

(ঙ) অনুবাদ, ভাবানুবাদ ও রূপান্তরের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(চ) বাংলা বানানবিধি বিষয়ে একটি গ্রন্থপঞ্জি প্রস্তুত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'কথ্য' ও 'লেখ্য' ভাষার পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(খ) গ্রন্থ ও সংবাদপত্র সম্পাদনায় প্রুফরিডিং-এর প্রয়োজনীয়তা আলোচনা করুন।

(গ) সংবাদপত্রের টাইপসজ্জার বিভিন্ন দিক বিবেচনার প্রয়োজন হয় কেন ? বুঝিয়ে দিন।

(ঘ) সংবাদপত্রের 'অঙ্গ সজ্জার' বিভিন্ন রূপগুলির পরিচয় দিন।

(ঙ) আকাদেমি সূত্রে বানান রচনার (উপযুক্ত ব্যাখ্যাসহ) শুদ্ধ করুন :

অলম্ + কার — অলঙ্কার/ অলংকার

বয়ঃ + সন্ধি — বয়ঃসন্ধি

অহঃ + অহঃ — অহরহ

ইতঃ + ততঃ — ইতস্তত

শুভ + কর — শুভংকর

(চ) গ্রন্থপঞ্জি ও উল্লেখ পঞ্জির পার্থক্য বুঝিয়ে দিন।

(ছ) মধ্যযুগের অনুবাদ সাহিত্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(জ) বাংলা বর্ণমালার প্রয়োগে বিবর্তন বিষয়ে সংক্ষেপে লিখুন।